# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

## ৫১. হারাম এলাকার বরই গাছ কাটা

আব্দুল্লাহ্ বিন্ 'হুবশী (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

مَنْ قَطَعَ سِدْرَةً – مِنْ سِدْرِ الْحَرَمِ – صَوَّبَ اللهُ رَأْسَهُ فِيْ النَّارِ

“কোন ব্যক্তি (হারাম শরীফের) বরই গাছ কাটলে আল্লাহ্ তা’আলা তার মাথাকে জাহান্নামের অগ্নিতে ঢুকিয়ে দিবেন”।[1]

মু’আবিয়া বিন্ 'হায়দাহ্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

مِنَ اللهِ تَعَالَى لاَ مِنْ رَسُوْلِهِ : لَعَنَ اللهُ قَاطِعَ السِّدْرِ – سِدْرِ الْحَرَمِ –

“ইহা আল্লাহ্ তা’আলার পক্ষ থেকে ; রাসূল (সা.) এর পক্ষ থেকে নয়। আল্লাহ্ তা’আলা (হারাম শরীফের) বরই গাছ কর্তনকারীকে অভিসম্পাত করেছেন”।[2]

>

## ফুটনোট

[1] (আবু দাউদ, হাদীস ৫২৩৯)

[2] (স’হী’হুল-জা’মি’, হাদীস ৫৯০৯)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11301

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন